উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার :—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বর্দ্ধিত করতে সাহায্য করবে

দি

## ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ

স্থাপিত ১৯২৮

হেড অফিস :—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য, স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন
জঙ্গীপুর শাখার
ম্যানেজিং এজেন্ট :— পি, চ্যাটার্জ্জি, বি-এল। ম্যানেজিং ডিরেক্টর :— পি, কে, গুহ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য /৹ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১৹ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩১শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৪ই চৈত্র বুধবার ১৩৫১ ইংরাজী 28th Mar. 1945 { ৪৪শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৶৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## জয়যাত্রার পথে

ভারতীয় জীবনবীমার ইতিহাসে হিন্দুস্থান প্রতি বৎসরই এক একটি গৌরবময় অধ্যায় রচনা করে। ১৯৪৩ সালে যুদ্ধ এবং দুর্ভিক্ষের সঙ্কটময় পরিস্থিতিতেও ইহার প্রভূত সাফল্য অন্যান্য বৎসরের তুলনায় অধিকতর গৌরবের পরিচায়ক। আর্থিক সংস্থানের সারবত্তা, বীমাপত্রের নিরাপত্তা, পরিচালন-পদ্ধতির নৈপুণ্য এবং সর্ব্বোপরি দেশবাসীর আন্তরিক সহযোগ ও সহানুভূতিই এই জয়যাত্রার পথে হিন্দুস্থানের প্রধান পাথেয়।

### সাফল্যের পরিচয়

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ২৪ কোটি ৮২ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৫ " ৪২ " " " |
| প্রিমিয়ামের আয় | ১ " ১২ " " " |
| মোট সংস্থান | প্রায় ৬ কোটি টাকা |
| দাবী শোধ (১৯০৭-৪৩) | তিন কোটি টাকার উপর |

**নূতন বীমা (১৯৪৩)—**
**৫ কোটি ৩১ লক্ষ টাকার উপর**

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৪ই চৈত্র বুধবার সন ১৩৫১ সাল

## রেলগাড়ীতে বীজ প্রেরণ

প্রাদেশিক কৃষিবিভাগের সার্টিফিকেট দেখাইতে পারিলে কৃষিকার্য্যের জন্য সর্ব্বপ্রকার বীজই যাত্রীবাহী ট্রেণে পাঠানো যাইবে, কিন্তু খাদ্যশস্য হিসাবে কোনও প্রকার বীজই এইভাবে প্রেরণ করা চলিবে না।

---

## বাংলা-গভর্ণরের মান্দালয় পরিদর্শন

বাঙলার মহামান্য গভর্ণর বাহাদুর সম্প্রতি মান্দালয়ের যুদ্ধক্ষেত্র পরিদর্শন করিয়া আসিয়া এক বিবৃতিতে ১৪শ সেনাবাহিনীর শক্তি ও সাহসের বিশেষ প্রশংসা করেন। তিনি বলেন যে উক্ত সেনাবাহিনীর ভারতীয় ও বৃটিশ সেনারা উভয়েই জাপানীদের উপর নিজেদের প্রাধান্য সুপ্রতিষ্ঠিত করিতে পারিয়াছে।

---

## বাংলায় কাপড় রেশনিং

গত ২১শে মার্চ্চ বাঙলা সরকারের দপ্তরে এক সংবাদ-পত্র-প্রতিনিধি সম্মেলনে বাঙলার বেসামরিক সরবরাহ সচিব মিঃ এইচ. এস. সুরাবর্দী বলেন যে, আগামী ৬ সপ্তাহের মধ্যেই বাঙলায় কাপড়ের রেশন-প্রথা প্রবর্ত্তিত হইবে বলিয়া আশা করা যায়। ঠিক কত পরিমাণ কাপড় জনপ্রতি সরবরাহ করা হইবে তাহা এখনো স্থির হয় নাই।

---

## নিখিল বঙ্গ পশু প্রদর্শনী

গত ১৭ই মার্চ্চ মুর্শিদাবাদের অন্তর্গত লালগোলায় যে নিখিল বঙ্গ "পশু প্রদর্শনী"র অনুষ্ঠান হইয়াছিল তাহাতে বাঙলার কৃষিমন্ত্রী মাননীয় খান বাহাদুর মোয়াজ্জেম উদ্দিন হোসেন বলিয়াছেন যে, কৃষিকার্য্যের উন্নতির জন্য উৎকৃষ্ট গবাদি পশুর বিশেষ প্রয়োজন এবং বৈজ্ঞানিক কৃষি পদ্ধতির প্রবর্ত্তন করাও দরকার। সেই উদ্দেশ্যেই বাঙলা সরকার অনতিবিলম্বে কলিকাতার সন্নিকটে সাত হাজার একর পরিমাণ জমিতে একটি বৃহৎ কৃষি গবেষণাগার ও ১টী পশু প্রজনন কেন্দ্র স্থাপনে উদ্যোগী হইয়াছেন।

---

## স্ত্রীলোকের দীপান্তর

কেরোসিন লইয়া শাশুড়ী ও বধূর মধ্যে কলহের ফলে বধূর হস্তে শাশুড়ী নিহত হয়। কটক সম্বলপুরের সেসন জজের বিচারে বধূর যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ হয়। আপীলে পাটনা হাইকোর্ট উক্ত দণ্ড বহাল রাখিয়াছেন। প্রকাশ যে, এক জ্যোৎস্না রাত্রে সখি দেবী এক লণ্ঠন জ্বালাইয়া কাজ করিতেছিল, তাহার শাশুড়ী তাহাকে কেরোসিনের অভাবহেতু লণ্ঠন না জ্বালাইয়া জ্যোৎস্নার আলোকে কাজ করিতে বলে, ইহা লইয়া বচসার ফলে পুত্রবধূ শাশুড়ীকে কোপাইয়া মারিয়া ফেলে।

---

## বস্ত্রাভাবে বিপত্তি

বাঙ্গালায় বস্ত্রাভাব এইবার সত্যই চরমে চড়িয়াছে এবং ইহার অবশ্যম্ভাবী পরিণাম যে অশান্তি, উপদ্রব তাহা তীব্র ভাবে আত্মপ্রকাশ আরম্ভ করিয়াছে। কলিকাতা কলেজ ষ্ট্রীটে এবং কালীঘাটে রসারোডে কাপড়ের দোকানে যে দুইটা ঘটনা ঘটিয়াছে, তাহা উপেক্ষণীয় নহে। বঞ্চিত খরিদ্দারেরা কলেজ ষ্ট্রীটের দোকানের ভিতরে প্রবেশ করিয়া কাপড় লুঠ করিতে উদ্যত হইয়াছিল। রসা রোডের দোকানে জোর করিয়া প্রবেশ করিয়া পুলীশের লোকেরা যে কাপড় কিনিয়া আনিয়াছিল, বঞ্চিত জনতার লোকেরা তাহাদের হাত হইতে সেই কাপড় ছিনাইয়া লইতে চেষ্টা করিয়াছিল। দুইটি ঘটনাই জনসাধারণের একান্ত বস্ত্রাভাবের প্রবল প্রমাণ। ভাত না খাইয়া দুই দিন থাকা যায়; কিন্তু কাপড় না পরিয়া কেহই থাকিতে পারে না। দীর্ঘকাল প্রয়োজনমত কাপড় সরবরাহের অভাব হেতু অধিকাংশ লোকেরই বস্ত্রাভাব তীব্রতর হইয়া দাঁড়াইয়াছে। ইহার কারণ অনুসন্ধানের আর সময় নাই। বাঙ্গালায় যাহাতে অবিলম্বে বহু পরিমাণে কাপড় সরবরাহ হইতে পারে তাহার ব্যবস্থাই প্রয়োজন

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১১ই এপ্রিল ১৯৪৫

১৯৪৫ সালের ডিক্রীজারী

৮২ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং মহাম্মদ রস্তুল বক্স দিং দাবি ৩০৲ থানা ফরক্কা মৌজে মুকুন্দনগর ১·২৪ শতকের কাত ৪/৪ আঃ ৫৲ খং ৫৪০

৮৪ খাং ডিঃ ঐ দেং রিয়াজুদ্দিন সেখ দাবি ১৯৸৵৯ থানা ঐ মৌজে এনাতনগর ১০ শতকের কাত ২৸৵১০ আঃ ৫৲ খং ৮৬৮

৯১ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং রমেন্দ্রকৃষ্ণ গোস্বামী বিদ্যা-বিনোদ দিং দাবি ১১৯৶০ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ২২।৪॥০ জমির কাত ১৮।/৬ আঃ ৭৫৲ রায়ত স্থিতিবান

৮৮ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং লোহারাম দেবনাথ দিং দাবি ১৫৭।৩ থানা সাগরদীঘি মৌজে মোড়গ্রাম ৩·৬৫ শতকের কাত ২৪॥৮ আঃ ৫০৲ খং ২৭

১২৮ খাং ডিঃ ঐ দেং লালচাঁদ মণ্ডল দাবি ১২৸০ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ২/৩ আঃ ৫৲ খং ৪৯৭

৮৯ খাং ডিঃ ঐ দেং যুগলপদ মণ্ডল দিং দাবি ৪২৸০ থানা ঐ মৌজে ডোমাইপুর ৩·১৭ শতকের কাত ১৯।৪ আঃ ২০৲ খং ৮৫ অধিনস্থ খং ৮৬

৯০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৪/৩ মৌজাদি ঐ ১·৯২ শতকের কাত ১২৸৶০ আঃ ১৫৲ খং ৮৪

১০৫ খাং ডিঃ ঐ দেং সুবদনী দাসী দাবি ২৪৸৶০ মৌজাদি ঐ ১·৮২ শতকের কাত ৬।৶১ আঃ ১০৲ খং ১৩১

১০৬ খাং ডিঃ ঐ দেং নেবারণ বিবি দাবি ৯৶০ থানা ঐ মৌজে বুধি ১·২৬।০ শতকের কাত ৩৸৶০ আঃ ৫৲ খং ১১

৯৬ খাং ডিঃ ঐ দেং শোভেজান বিবি ১০১/৯ থানা ঐ মৌজে শ্যামপুর ১·৭ শতকের কাত ৩/৭।০ সহ চাউল আঃ ৫০৲ খং ১৫৯

১০৩ থাং ডিঃ ঐ দেং আলেকজান বিবি দাবি ১৯/৩ মৌজাদি ঐ ৮১ শতকের কাত ৫৲ আঃ ৫৲ থং ৪০

১০৪ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ দাস দিং দাবি ৪৮৷৩ থানা ঐ মৌজে কোতলা ২-৮২ শতকের কাত ১৪৷৶১১ আঃ ২৫৲ থং ২৯

১২৫ থাং ডিঃ ঐ দেং দলুপদ কুনাই দাবি ১৯৷৯ থানা ঐ মৌজে খৈরাটী ২৬ শতকের কাত ৫৷১২ আঃ ১০৲ থং ১৬৮

১২৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৷৶০ মৌজাদি ঐ ৯৪ শতকের কাত ৫৷/১১ আঃ ১০৲ থং ১৭০

১৫১ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দেং ঠাকুরদাস দাস দিং দাবি ৩৭৶০ থানা সাগরদীঘি মৌজে বিপ্রকালী ৪-৫১ শতকের কাত ২৭৲ আঃ ২৫৲ থং ৬৯ রায়ত স্থিতিবান

১৭১ থাং ডিঃ মহম্মদ দাউদ মহলদার দিং দেং যোধনপ্রসাদ ভকত দিং দাবি ৮৭২৷/০ থানা সমসেরগঞ্জ মৌজে পটিলাল-পুর ৪/০ জমির কাত ২১১৲ আঃ ৮৫০৲ থং ২৬

৪৭ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মাহাতা দিং দেং সমসের খাঁ দিং দাবি ২০৵৯ থানা সাগরদীঘি মৌজে কুন্দরী ৬৭ শতকের কাত ৪৷০ আঃ ১৫৲ থং ৪৪

৯২ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মাহাতা দেং ভূষণ মাল দাবি ১০৩৷৶৩ থানা সাগর-দীঘি মৌজে বেলুড়িয়া ১-৫৪ শতকের কাত ১০৸৮ আঃ ২৫৲ থং ৯৩

৯৩ থাং ডিঃ সেবাইত প্রমথনাথ মাহাতা দিং দেং ভূষণ মাল দাবি ৩৩৸৵০ থানা সাগরদীঘি মৌজে বেলুড়িয়া ৭১ শতকের কাত ৩/১০ আঃ ১০৲ থং ৮৯

১০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৩৸৶০ মৌজাদি ঐ ১-২০ শতকের কাত বৃদ্ধিসহ ৮৸৶১৫৷০ আঃ ১০৲ থং ৯২

৯৪ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মাহাতা দেং রসিদ সেখ দিং দাবি ১৭৷৶৬ থানা সাগর-দীঘি মৌজে পাউলী ২-২২ শতকের কাত ৯৷৶৫ আঃ ৫৲ থং ১৪৫

১৮৭ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং ঝড়ু মাহারা দিং দাবি ১৩৷৩ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ১৫ শতকের কাত ১৷/২ আঃ ৫৲ থং ১৫৭

১৬৮ থাং ডিঃ হেমাঙ্গিনী দাসী দেং ভোলানাথ মণ্ডল দাবি ৪৫৷/৩ থানা সাগরদীঘি মৌজে যোগপুর ১৩ শত-কের কাত ৭৷০ আঃ ২৫৲ থং ৮

১৮২ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং সাখাওৎহোসেন সেখ দাবি ১২৷৯ থানা সাগরদীঘি মৌজে থাড়ুগ্রাম ১-৫৯ শতকের সেস ৷৶৬ আঃ ১০৲ থং ৩৫২

১৮৩ থাং ডিঃ ঐ দেং কেরাতুল্লা মণ্ডল দাবি ৬৷৩ মৌজাদি ঐ ২-২৩ শতকের কাত ১২৷৶৭ আঃ ৫৲ থং ৮৩

১৯০ থাং ডিঃ ঐ দেং আবদুল সোভান সেখ দিং দাবি ৬৶৯ মৌজাদি ঐ ২-৭০ শতকের কাত ১৫৷৯ আঃ ৫৲ থং ২৭

১৯১ থাং ডিঃ ঐ দেং বিধুভূষণ চক্রবর্ত্তী দিং দাবি ১০৵৯ মৌজাদি ঐ ৯৮ শতকের সেস ৷৵১ আঃ ৫৲ থং ৩৪৫

১৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৯ মৌজাদি ঐ ১-৯২ শতকের সেস ৸০ আঃ ১০৲ থং ৩৫১

১৭৯ থাং ডিঃ ঐ দেং সরলাবালা দাসী দাবি ৪৪/৯ থানা ঐ মৌজে রতনপুর ২১ শতকের কাত ১৷২৷০ মণ চাউল আঃ ৪০৲ থং ৮৭

১৮০ থাং ডিঃ ঐ দেং বরদাপ্রসাদ সাহা দাবি ৭৪৶০ মৌজাদি ঐ ৫৩ শতকের কাত ১৷৪৸০ মণ চাউল আঃ ৬৫৲ থং ১৬১

১৮৪ থাং ডিঃ ঐ দেং সেবাইত বরদাপ্রসাদ সাহা দাবি ৮৸৵৬ মৌজাদি ঐ ১-৬৭ শতকের সেস ৶০ আঃ ৫৲ থং ১২

১৯২ থাং ডিঃ ঐ দেং ধরণীধর দেবনাথ কবিরাজ দিং দাবি ৯৷৶৯ মৌজাদি ঐ ৩৬ শতকের সেস ৵১০ আঃ ৫৲ থং ১৫

১৯৪ থাং ডিঃ ঐ দেং আজমতুন্নেসা বিবি দিং দাবি ১৫৷৶৩ মৌজাদি ঐ ১-২৩ শতকের সেস ৷/৯ আঃ ৫৲ থং ৩২৪

১৮১ থাং ডিঃ ঐ দেং এনামুল হক মির্জ্জা দাবি ৭৷/৩ থানা ঐ মৌজে ব্রাহ্মণীগ্রাম ২৪ শতকের সেস /৬ আঃ ৫৲ থং ৭৩


## জমি বিক্রয়

মিঞাপুরের মাঠে রাঢ়ী ও বাগড়ী জমি আন্দাজ ৩০/০ ত্রিশ বিঘা বিক্রয় হইবে। নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীসন্তোষকুমার বন্দ্যোপাধ্যায়
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া


( ৫ম কলমের জের )

১৯৪৫ সালের ডিক্রীজারী

১৮৯ থাং ডিঃ ঐ দেং সেবাইত দেবেন্দ্রকুমার অধিকারী দিং দাবি ৯৶০ থানা ঐ মৌজে মেঘা ৯০ শতকের সেস ৷/৮ আঃ ৫৲ থং ১৪৯

১১৩ থাং ডিঃ লীলাবতী রায় দেং তিনকড়ি মণ্ডল দাবি ১৫২৸৶০ থানা সাগরদীঘি মৌজে সেনপাড়া ১৩-৬৬ শতকের কাত ৭১৷৬ আঃ ৫০৲ থং ২৪

৮৫ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং নজু সেখ দিং দাবি ২১৷০ থানা ফরক্কা মৌজে পারদিয়াড়া ৩৩ শতকের কাত ১৷১০ আঃ ৫৲ থং ৩৭০

৪৮ থাং ডিঃ শরদিন্দু দাস দিং দেং হাফিজুদ্দিন সেখ দিং দাবি ৮৸/১০ থানা সমসেরগঞ্জ মৌজে বেওয়া ৭ শত-কের কাত ১৶৭৷ আঃ ৩৲ থং ৩০০ কোর্ফা স্বত্ব

১৮৫ থাং ডিঃ সেবাইত হরিপদ মুখোপাধ্যায় দেং জ্ঞানদাসুন্দরী দাসী দাবি ৯৷৯ থানা সমসেরগঞ্জ মৌজে জাফরাবাদ ১-৭ শতকের কাত ১৻৬ আঃ ৫৲ থং ৫১১ নিষ্কর স্বত্ব

## চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত

## নিলামের দিন ৯ই এপ্রিল ১৯৪৫

১৯৪৪ সালের ডিক্রীজারী

১৩১৬ থাং ডিঃ বিভূতিভূষণ গুপ্ত দেং হরিহর ঘোষাল দিং দাবি ৩৪২৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ও জিয়ানগর ১০-৪৭ শতকের কাত ২৩৬৸৶৯ আঃ ৫০৲ থং ১০৬৷৫৪

## কচুরীপানা বিনাশ

সমগ্র জেলার নদী, নালা, খাল, বিল হইতে কচুরীপানা অপসরণ করিবার জন্য ফরিদপুরের জেলা ম্যাজিষ্ট্রেট ফরিদপুর জেলার সমস্ত ইউনিয়ন বোর্ড একটি সুনির্দ্দিষ্ট পরিকল্পনা মত আবেদনপত্র প্রচার করিয়াছেন।

( পর পৃষ্ঠা দেখুন )

## বর ক'নে নিখোঁজ

পাটনা সিটির একদল বরযাত্রী মতিপুর হইতে বর কনে লইয়া পাটনায় ফিরিতেছিল। ট্রেণ বদলি করিবার জন্য তাহাদিগকে মজঃফরপুর ষ্টেশনে মতিপুরের ট্রেণ হইতে অবতরণ করিতে হয়। ট্রেণ আসিলে তাহাতে বর-কনেকে একখানি মধ্যম শ্রেণীর কামরায় বসাইয়া দেওয়া হয়। পর মুহূর্ত্তেই ট্রেণ ছাড়ে। ফলে, বরযাত্রী-দের কেহই ট্রেণে উঠিতে পারে না। বরের বয়স মাত্র ৯ বৎসর। কনের বয়স আরও কম। এই ট্রেণখানি এলাহাবাদ পর্য্যন্ত যায়। অদ্যাবধি বর-কনের কোনও সন্ধান পাওয়া যায় নাই। পুলীশ ও রেল কর্ত্তৃপক্ষ তাহাদের সন্ধান করিতেছে।

---

## রঞ্জন সুধা

অম্বল ও সর্ব্বপ্রকার পেটের অসুখের অব্যর্থ মহৌষধ
ইহা ছাড়া এইখানে ম্যালেরিয়া ও সকল প্রকার
রোগের চিকিৎসা করা হয়।

হাকিমী ঔষধালয়
জঙ্গিপুর সাহেববাজার, ( মুর্শিদাবাদ )

---

## ঘোষ এণ্ড সন্স

### প্রসিদ্ধ টাইল নির্ম্মাতা

ঘর ছাওয়াইবার রাণীগঞ্জ প্যাটার্ণের টাইল বিক্রয় জন্য প্রস্তুত আছে।

প্রোঃ শ্রীসুরেশচন্দ্র ঘোষ
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

মূল্য এক আনা


পণ্ডিত প্রেসে পাইবেন।

ফুটবল খেলোয়াড় হত্যা

---




## সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
জবাকুসুম হাউস, কলিকাতা

---

## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ )

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।